



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা ১০০০
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২০৩.০৩৩.০০.০০.১৩০১.২০১১-২২৮৫

তারিখঃ ০৬ জানুয়ারি ২০১৭।

অফিস আদেশ

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে সমগ্র দেশব্যাপী আগামী ৯-১১ জানুয়ারি ২০১৭ তারিখে 'উন্নয়ন মেলা-২০১৭' অনুষ্ঠিত হতে যাচ্ছে। দেশের সকল মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা মেলায় অংশগ্রহণ করবে। জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার মেলার সার্বিক কার্যক্রম সমন্বয় সাধন করবেন। কৃষি মন্ত্রণালয়ের পক্ষে জেলা পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক এবং উপজেলা পর্যায়ে উপজেলা কৃষি অফিসার কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংস্থার সমন্বয়কারী হিসেবে কাজ করবেন। জেলা ও উপজেলা পর্যায়ে মেলায় কৃষি মন্ত্রণালয়ের সকল সংস্থার কার্যক্রম সম্বলিত প্যাভিলিয়ন/স্টল থাকবে। উন্নয়ন মেলায় জনগণকে সরেজমিন অন্ততঃ একটি সেবা প্রদান করাসহ বিএডিসি কর্তৃক প্রকাশিত মাননীয় কৃষিমন্ত্রীর ডিও লেটার সম্বলিত লিফলেট প্রচার, বিএডিসি'র বীজ, সার ও সেচ কার্যক্রম যথাযথভাবে প্রস্তুত সম্বলিত পোস্টার বিতরণ, বীজ ও সারের নমুনা প্রদর্শন ও সেচ কার্যক্রমসমূহের ডামি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারী-কে অনুষ্ঠিতব্য 'উন্নয়ন মেলা-২০১৭'তে উদ্যোগী হয়ে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য বিশেষ অনুরোধ জানানো হলো।


০৬/০১/১৭

(তুলসী রঞ্জন সাহা)

(যুগ্মসচিব)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন নম্বর- ৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd

স্মারক নং-১২.২০৩.০৩৩.০০.০০.১৩০১.২০১১-২২৮৬ (৪৮)

তারিখঃ ০৬ জানুয়ারি ২০১৭।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১।

(সংশ্লিষ্ট অফিস/দপ্তর/বিভাগীয় প্রধান)

(সকল বিভাগীয় প্রধানগণ তাঁর অধীনস্থ মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করবেন)

- ০২। প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ০৪। সদস্য-পরিচালক (অর্থ/ ক্ষুদ্রসেচ/ সার ব্যবস্থাপনা/ বীজ ও উদ্যান) সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিকৃত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ০৫। অফিস কপি/মাস্টার ফাইল।